গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

## বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন ও অগ্রগতির মাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব অমিতাভ দাস, মহাপরিচালক (ভারপ্রাপ্ত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি, ঢাকা।
সভার তারিখ ও সময় : ২০ সেপ্টেম্বর, ২০১৮ তারিখ বেলা ১১.০০ ঘটিকা
স্থান : ডিএই সভাকক্ষ, খামারবাড়ি, ঢাকা।
উপস্থিতি : পরিশিষ্ট-ক-তে সংযুক্ত।

সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভা পরিচালনা করার জন্য পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং-কে অনুরোধ জানালে পরিচালক আলোচ্য সূচি মোতাবেক আলোচনা করার জন্য উপপরিচালক, প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং-কে আহ্বান জানান। আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | আলোচনা ও সিদ্ধান্ত : উপপরিচালক, প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং গত ২৬ আগস্ট, ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণী বিষয়ে কোন আপত্তি না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ২. | এডিপিভুক্ত প্রকল্প/ রাজস্ব বাজেট ভুক্ত কর্মসূচিসমূহের আগস্ট/২০১৮ পর্যন্ত সময়ের অগ্রগতি পর্যালোচনা | আলোচনা : <br> ১। প্রকল্পে বরাদ্দ ও ব্যয়ের অগ্রগতি (লক্ষ টাকায়) : <br> ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে কৃষি মন্ত্রণালয়াধীন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় ১৭টি প্রকল্পে মোট এডিপি বরাদ্দের পরিমাণ ৬৩৬৪৭.০০ লক্ষ টাকা। তন্মধ্যে জিওবি ৩৯৪৭৪.০০ (৬২.০২%) ও প্রকল্প সাহায্য ২৪১৭৩.০০ (৩৭.৯৮%) লক্ষ টাকা। আগস্/২০১৮ মাস পর্যন্ত মোট ব্যয় হয়েছে ১০৬০.৮৯ লক্ষ টাকা (মোট বরাদ্দের ১.৬৭%)। জিওবি ও প্রকল্প সাহায্য ব্যয় হয়েছে যথাক্রমে ১০১.৭৪ (০.২৬%) ও ৯৫৯.১৫ লক্ষ (৪%) টাকা। মোট বরাদ্দের উপর অর্জিত অগ্রগতি বিগত অর্থ বছরের একই সময়ের তুলনায় ৬.৮২% কম। <br> ২। ক্রয় সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি : <br> চলতি অর্থ বছরে এডিপিতে অন্তর্ভুক্ত ১৭টি প্রকল্পের মধ্যে ১৩টি প্রকল্পে মোট ১৫০টি দরপত্রের কার্যক্রম রয়েছে। আগস্ট/২০১৮ মাস পর্যন্ত ৫৫টি দরপত্র আহ্বান করা হয়েছে, কোন দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়নি। সভার দিন অর্থাৎ ২০.০৯.২০১৮ তারিখ পর্যন্ত ১২৮টি দরপত্র আহবান করা হয়েছে এবং ১২টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে। | - |
| | ক) এডিপিভুক্ত চলমান প্রকল্প | | |
| | ১। ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) | আলোচনা : <br> অর্জিত আর্থিক অগ্রগতি ০.৪৭% এবং ভৌত অগ্রগতি ১৫%। অত্র প্রকল্পের পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ১২.৮৯% এবং ভৌত অগ্রগতি ২০%। ২০১৮-১৯ অর্থবছরে ১৩টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ১২টি দরপত্র আহবান করা হয়েছে। অবশিষ্ট ১টি দরপত্র আহবান আগামী ১ সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে। যথাসময়ে কার্যাদেশ প্রদান করা হবে। সভায় হর্টিকালচার সেন্টারের ভূমি উন্নয়ন | পরিচালক |



২৭/৯/১৮
(মোঃ জাহাঙ্গীর হোসেন)
বৈজ্ঞানিক কর্মকর্তা
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫

২৭/৯/১৮
মোঃ শেখ ফরিদ
উপ-পরিচালক (প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | কাজ ও টিসু কালচার ল্যাব এর অগ্রগতির বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) সেপ্টেম্বর মাসের মধ্যে অবশিষ্ট ১টি দরপত্র আহবান সম্পন্ন করতে হবে ও যথাসময়ে কার্যাদেশ প্রদান নিশ্চিত করতে হবে। | |
| | ২. বাংলাদেশে ফাইটোসেনেটারীসামর্থ শক্তিশালীকরণ প্রকল্প | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ৩.০৯ এবং ভৌত অগ্রগতি ৫%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৪.১৩% এবং ভৌত অগ্রগতি ১৫%। ২০১৮-১৯ অর্থবছরে ১২টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ১২টি দরপত্রই আহবান করা হয়েছে। যথাসময়ে কার্যাদেশ প্রদান করা হবে। থোক বরাদ্দের টাকা প্রাপ্তির বিষয়ে চেষ্টা অব্যাহত আছে। শিঘ্রই থোক বরাদ্দের টাকা ছাড় হবে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) আহবানকৃত দরপত্রের কার্যাদেশ যথাসময়ে প্রদান নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ৩. বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলে ক্ষুদ্র চাষীদের জন্য কৃষি সহায়ক প্রকল্প | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ২.৪৭ এবং ভৌত অগ্রগতি ৩%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ২০.৯৫% এবং ভৌত অগ্রগতি ২১%। ২০১৮-১৯ অর্থবছরে ১টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ১টি দরপত্রই আহবান করা হয়েছে। যথাসময়ে কার্যাদেশ প্রদান করা হবে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) আহবানকৃত দরপত্রের কার্যাদেশ যথাসময়ে প্রদান নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ৪. ব্লু- গোল্ড কর্মসূচির আওতায় কৃষি উৎপাদনের জন্য প্রযুক্তি হস্তান্তর প্রকল্প | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ২৯.৯৫ এবং ভৌত অগ্রগতি ৩১%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৩১.০৩% এবং ভৌত অগ্রগতি ৩৩%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) চলমান প্রকল্পের ডিপিপি রিভিশনের কাজের অগ্রগতি ত্বরান্বিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ৫. খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ০.৪৮ এবং ভৌত অগ্রগতি ২০%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ১৭.২৬% এবং ভৌত অগ্রগতি ২২%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) নতুন প্রকল্প প্রণয়নের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ৬. খামার পর্যায়ে উন্নত পানি ব্যবস্থাপনা প্রযুক্তির মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ৬%। ২০১৮-১৯ অর্থবছরে ৪টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ৪টি দরপত্রই আহবান করা হয়েছে। যথাসময়ে কার্যাদেশ প্রদান করা হবে। আইবাস জটিলতার কারনে অর্থ ছাড় সম্ভব হয়নি। শিঘ্রই অর্থ ছাড় হবে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) দ্রুত অর্থ ছাড়ের ব্যবস্থা করতে হবে।<br>খ) আহবানকৃত দরপত্রের কার্যাদেশ যথাসময়ে প্রদান নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |



২৭/৯/১৮
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫

২৭/৯/১৮
মোঃ শেখ ফরিদ
উপ-পরিচালক (প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | ৭. সমন্বিত খামার ব্যবস্থাপনা অঙ্গ, কৃষি উৎপাদন ও কর্মসংস্থান কর্মসূচি | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ২১.৫৯ এবং ভৌত অগ্রগতি ২৩%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৫.৬৯% এবং ভৌত অগ্রগতি ২৭%। সভায় ২০১৮-১৯ অর্থবছরের সকল কার্যক্রম ডিসেম্বর/২০১৮ সালের মধ্যে সম্পন্ন করার ওপর গুরুত্ব আরোপ করা হয়।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) ২০১৮-১৯ অর্থবছরের সকল কার্যক্রম ডিসেম্বর/২০১৮ সালের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রকল্প পরিচালক |
| | ৮. সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্যনিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ০.৪২ এবং ভৌত অগ্রগতি ২%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ৫.৯৩% এবং ভৌত অগ্রগতি ৯%। ২০১৮-১৯ অর্থবছরে ৩টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ৩টি দরপত্রই আহবান করা হয়েছে। যথাসময়ে কার্যাদেশ প্রদান করা হবে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) আহবানকৃত দরপত্রের কার্যাদেশ যথাসময়ে প্রদান নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ৯. সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ০.৫২ এবং ভৌত অগ্রগতি ২%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৮৪% এবং ভৌত অগ্রগতি ৫%। ২০১৮-১৯ অর্থবছরে ২টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত কোন দরপত্রই আহবান করা হয়নি। সভায় সেপ্টেম্বর মাসের মধ্যে দরপত্র আহবানের ওপর গুরুত্ব আরোপ করা হয়।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) সেপ্টেম্বর মাসের মধ্যে আবশ্যিক ভাবে ২টি দরপত্র আহবান নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ১০. বছর ব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন প্রকল্প | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০৯% ও ভৌত অগ্রগতি ৯%। ২০১৮-১৯ অর্থবছরে ১২টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ১২টি দরপত্রই আহবান করা হয়েছে। যথাসময়ে কার্যাদেশ প্রদান করা হবে। সভায় প্রকল্পের সাফল্য প্রচারে বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বাড়াতে হবে।<br>খ) আহবানকৃত দরপত্রের কার্যাদেশ যথাসময়ে প্রদান নিশ্চিত করতে হবে।<br>গ) প্রকল্পের সাফল্য প্রচারের পদক্ষেপ নিতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ১১. ইউনিয়ন পর্যায়ে কৃষক সেবা কেন্দ্র স্থাপন ও প্রযুক্তি সম্প্রসারণ (পাইলট) প্রকল্প | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ২৩.৭৪% ও ভৌত অগ্রগতি ৪৫%। ২০১৮-১৯ অর্থবছরে ৯টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ৯টি দরপত্রই আহবান করা হয়েছে। ৭টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) গুনগত মান অক্ষুন্ন রেখে ২০১৮-১৯ অর্থ বছরের মধ্যে সকল কাজ শেষ করতে হবে। | প্রকল্প পরিচালক |



২৭/৯/১৮
(মোঃ জাহাঙ্গীর হোসেন)
বৈজ্ঞানিক কর্মকর্তা
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫

২৭/৯/১৮
মোঃ শেখ ফরিদ
উপ-পরিচালক (প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | খ) নির্মাণ কাজেন গুনগত মান সংশ্লিষ্টদের মনিটরিং করতে হবে।<br>গ) কৃষক সেবাকেন্দ্র সমূহের বাসা ভাড়ার হার নির্ধারণ করতে হবে। | |
| | ১২) কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়) প্রকল্প | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৬৭% ও ভৌত অগ্রগতি ১২%। ibass++ এর Pass word না পাওয়ায় মাঠে অর্থ পুনঃবরাদ্দ দেওয়া সম্ভব হয় নাই। তবে মাঠে প্রস্তুতিমূলক কাজ চলমান আছে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) মাঠে দ্রুত অর্থ প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>খ) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>গ) প্রকল্পের ইমপ্যাক্ট প্রচার করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ১৩) সৌর শক্তি ও পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি পাইলট প্রকল্প। | আলোচনা ঃ<br>আর্থিক অগ্রগতি ০.১৮ এবং ভৌত অগ্রগতি ৫%। প্রকল্প পরিচালক জানান, ডিপিপিতে ক্রয় সংক্রান্ত কিছু ত্রুটি থাকায় দরপত্র আহবানে বিলম্ব হচ্ছে। সভায় উক্ত প্রকল্পের দরপত্র আহবান সহজতর করার লক্ষ্যে চার সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের প্রস্তাবনা গৃহিত হয়।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) পাঁচ সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) সেপ্টেম্বর মাসের মধ্যে আবশ্যিকভাবে ৮টি দরপত্রই আহবান নিশ্চিত করতে হবে।<br>কমিটি-<br>১) উপ-পরিচালক (প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং- আহবায়ক<br>২) প্রকল্প পরিচালক, সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্যনিরাপত্তা নিশ্চিতকরণ প্রকল্প-সদস্য<br>৩) প্রকল্প পরিচালক, খামার পর্যায়ে উন্নত পানি ব্যবস্থাপনা প্রযুক্তির মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প- সদস্য<br>৪) উপ-প্রকল্প পরিচালক, সৌর শক্তি ও পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি পাইলট প্রকল্প-সদস্য<br>৫) প্রকল্প পরিচালক, সৌর শক্তি ও পানি সাশ্রয়ী আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি পাইলট প্রকল্প-সদস্য সচিব। | প্রকল্প পরিচালক |
| | ১৪. উপজেলা পর্যায়ে প্রযুক্তি হস্তান্তরের জন্য কৃষক প্রশিক্ষণ প্রকল্প (৩য় পর্যায়) | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ১.৭৫% ও ভৌত অগ্রগতি ১২%। ২০১৮-১৯ অর্থবছরে ৫৮টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ৪৯টি দরপত্রই আহবান করা হয়েছে। ৫টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) সেপ্টেম্বর মাসের মধ্যে আবশ্যিকভাবে সকল দরপত্র আহবান নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | ১৫) "ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা,সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৭১% ও ভৌত অগ্রগতি ১০%। ২০১৮-১৯ অর্থবছরে ৩টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ৩টি দরপত্রই আহবান করা | প্রকল্প পরিচালক |



২৭/৯/১৮
(মোঃ জাহাঙ্গীর হোসেন)
বৈজ্ঞানিক কর্মকর্তা
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫

২৭/৯/১৮
মোঃ শেখ ফরিদ
উপ-পরিচালক (প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | হয়েছে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বাড়াতে হবে।<br>খ) আহবানকৃত দরপত্রের কার্যাদেশ যথাসময়ে প্রদান নিশ্চিত করতে হবে। | |
| | ১৬) বাংলাদেশে শাকসবজি ফল ও পান ফসলের পোকামপকড় ও রোগবালাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশক ভিত্তিক প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ প্রকল্প | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক ও ভৌত অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের প্রথম কিস্তির অর্থ ছাড় হয়েছে। Pass word না পাওয়ায় কোন অর্থ খরচ হয়নি। ২০১৮-১৯ অর্থবছরে ৫টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ৫টি দরপত্রই আহবান করা হয়েছে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) আহবানকৃত দরপত্রের যথাসময়ে কার্যাদেশ প্রদান নিশ্চিত করতে হবে। | উপ প্রকল্প পরিচালক |
| | ১৭. কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প | আলোচনা ঃ<br>অর্জিত আর্থিক অগ্রগতি ০.৪০% ও ভৌত অগ্রগতি ৫%। প্রকল্প পরিচালক জানান, সভার দিন পর্যন্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.৫০% এবং ভৌত অগ্রগতি ৫%। ২০১৮-১৯ অর্থবছরে ২০টি দরপত্রের মধ্যে সভার দিন পর্যন্ত ১৮টি দরপত্র আহবান করা হয়েছে। ২টি দরপত্র শিঘ্রই আহবান করা হবে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে।<br>খ) সেপ্টেম্বর মাসের মধ্যে আবশ্যিকভাবে অবশিষ্ট ২টি দরপত্র আহবান নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| | খ) কর্মসূচি | | |
| | ১. উপকূলীয় এলাকায় খাটো জাতের নারিকেল সম্প্রসারন কর্মসূচি | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। তবে ভৌত অগ্রগতি ৮০%। কর্মসূচিটি ডিসেম্বর/১৮ সমাপ্ত হবে।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) যথাসময়ে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। | কর্মসূচি পরিচালক |
| | ২. "পার্বত্য চট্টগ্রামে বিদ্যমান ফল বাগানসমূহ পরিচর্যার মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করে আর্থ সামাজিক সমৃদ্ধি আনায়ন কর্মসূচি"। | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। তবে ভৌত অগ্রগতি ২৫%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) দ্রুত অর্থ ছাড়ের ব্যবস্থা করতে হবে। | কর্মসূচি পরিচালক |
| | ৩. "পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মিশ্র ফলবাগান স্থাপনের মাধ্যমে কৃষকের পুষ্টির চাহিদাপূরণ ও আর্থ সামাজিক উন্নয়ন কর্মসূচি"। | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। তবে ভৌত অগ্রগতি ২৫%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) দ্রুত অর্থ ছাড়ের ব্যবস্থা করতে হবে। | কর্মসূচি পরিচালক |
| | ৪. "কুড়িগ্রাম, শেরপুর ও জামালপুর জেলার চর অঞ্চলে ভূট্টা, মিষ্টিকুমড়া ও বাদাম চাষ সম্প্রসারণ কর্মসূচি"। | আলোচনা ঃ<br>অর্থ ছাড় না হওয়ায় আর্থিক অগ্রগতি অর্জন সম্ভব হয়নি। তবে ভৌত অগ্রগতি ১৫%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) দ্রুত অর্থ ছাড়ের ব্যবস্থা করতে হবে। | কর্মসূচি পরিচালক |



২৯/৯/১৮
(মোঃ জাহাঙ্গীর হোসেন)
বৈজ্ঞানিক কর্মকর্তা
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫

২৯/৯/১৮
মোঃ শেখ ফরিদ
উপ-পরিচালক (প্রকল্প মূল্যায়ন ও মনিটরিং)
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | ৫. "মাদারীপুর হর্টিকালচার সেন্টার উন্নয়ন কর্মসূচি"। | আলোচনা ঃ<br>কর্মসূচি পরিচালক জানান, অর্থ ছাড় হয়েছে তবে অর্থ খরচ এখনো হয়নি। ভৌত অগ্রগতি ২৫%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) গুণগতমান নিশ্চিত করে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>খ) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | কর্মসূচি পরিচালক |
| | ৬. "বিএআরআই কর্তৃক উদ্ভাবিত চার ফসল ভিত্তিক শস্য বিন্যাস প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি"। | আলোচনা ঃ<br>কর্মসূচি পরিচালক জানান, সভার দিন পর্যন্ত আর্থিক অগ্রগতি ২৩.৩৪% ও ভৌত অগ্রগতি ২৫%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) গুণগতমান নিশ্চিত করে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>খ) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | কর্মসূচি পরিচালক |
| | ৭. "নিরাপদ পান উৎপাদন প্রযুক্তি সম্প্রসারণ কর্মসূচি"। | আলোচনা ঃ<br>কর্মসূচি পরিচালক জানান, অর্থ ছাড় হয়েছে তবে অর্থ খরচ এখনো হয়নি। সভার দিন পর্যন্ত ভৌত অগ্রগতি ১৫%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) গুণগতমান নিশ্চিত করে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>খ) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | কর্মসূচি পরিচালক |
| | ৮. "জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলায় বিলুপ্তপ্রায় ও পরিবেশবান্ধব বৃক্ষ সংরক্ষণের জন্য তাল, খেজুর, সুপারি ও নিম চাষ সম্প্রসারণ কর্মসূচি"। | আলোচনা ঃ<br>কর্মসূচি পরিচালক জানান, অর্থ ছাড় হয়েছে তবে অর্থ খরচ এখনো হয়নি। সভার দিন পর্যন্ত ভৌত অগ্রগতি ১৫%।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) গুণগতমান নিশ্চিত করে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>খ) আর্থিক অগ্রগতি বৃদ্ধি করতে হবে। | কর্মসূচি পরিচালক |
| | বিবিধঃ | আলোচনা ঃ<br>১) সভায় ২০১৮-১৯ অর্থ বছরে প্রকল্পের কার্যক্রম মনিটরিং করার বিষয়ে মাঠ পর্যায়ের কমকর্তাগণকে আরও গতিশীল করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সিদ্ধান্ত ঃ<br>ক) মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ সকল প্রকল্পের কার্যক্রম মনিটরিং জোরদার করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তাগণকে প্রকল্পের কাজ মনিটরিং এ আরও সচেষ্ঠ হতে হবে।<br>খ) প্রকল্প পরিচালকগণ মাঠ পর্যায়ে প্রকল্পের কাজের কোন দুর্বল দিক তাকলে তা পরিচালক, সরেজমিন উইং কে অবহিত করবেন। | পরিচালক, সরেজমিন উইং এবং প্রকল্প পরিচালক (সকল) |

আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/১/১৮

(মোহাম্মদ মহসীন)
মহাপরিচালক